| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৩। | **বিবিধঃ**<br><br>সভাপতি জানান, শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে ডিজেবিলিটি চ্যালেঞ্জ ফান্ড প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। ইউনিভার্সিটিতে সকল ধরণের শিক্ষার্থীর জন্য সমমানের শিক্ষা নিশ্চিত করতে ইনক্লুসিভ ইউনিভাসিটি তৈরি এর মূল উদ্দেশ্য। সরাদেশ থেকে ইনক্লুসিভ ইউনিভাসিটি বাস্তবায়নের জন্য নির্বাচিত ৩টি চ্যালেঞ্জের সমাধান আহবান করা হয়েছে। নির্বাচিত সেরা উদ্ভাবনী সমাধান পাইলটিং এর জন্য সর্বোচ্চ ২৫ লক্ষ টাকা প্রদান করা হবে। বিস্তারিত জানতে এই সাইটে (challenge.gov.bd/ inclusiveuniversity) ভিজিট করতে হবে।<br><br>গত ২৪ জুলাই, ২০১৭ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বেগম মেহের আফরোজ চুমকি উইমেন্স ইনোভেশন ক্যাম্প ২০১৭ এর শুভ উদ্বোধন ঘোষনা করেন। এর মাধ্যমে সারাদেশ থেকে নারীদের নির্বাচিত ৪টি সমস্যার সমাধান আহবান করা হয়েছে এবং ১৫ সেপ্টেম্বরের মধ্যে অনলাইনে উদ্ভাবনী সমাধান দাখিল করার সুযোগ প্রদান করা হয়েছে। প্রতিযোগিতার প্রচারণা ইতোমধ্যে চালু হয়েছে। নির্বাচিত সেরা এক বা একাধিক উদ্ভাবনী সমাধানের ধারণাকে পুরস্কৃত করা হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে পুরস্কৃত ধারণার পাইলটিং করার জন্য প্রয়োজনীয় আর্থিক ও কারিগরী সহায়তা প্রদান করা হবে। এ সর্ম্পকে বিস্তারিত জানতে বা উদ্ভাবনী সমাধান দাখিল করতে এই সাইটে (challenge.gov.bd/wic) ভিজিট করার জন্য অনুরোধ করেন।<br><br>ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে নাগরিক সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছানো নিশ্চিতকরণে জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরকে কম সময়ে কোন প্রকার হয়রানি ছাড়া কীভাবে জনগণকে দ্রুত সেবা প্রদান করা যায় এ ধরণের নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। | ১) জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে উক্ত ওয়েব সাইট ভিজিট করে আগামী ১৫ সেপ্টেম্বর, ২০১৭ তারিখের মধ্যে উদ্ভাবনী সমাধান দাখিল করতে হবে।<br><br>২) জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে ইনোভেটিম আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br><br>৩) জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br><br>২। সহকারী কমিশনার (আইসিটি) |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা আইসিটি বিষয়ক কমিটি
কুড়িগ্রাম।
ফোনঃ 0581-61645(অঃ)
ফ্যাক্সঃ ০৫৮১-৬২৩৭৪ (অঃ)
০৫৮১-৬১৬১৪ (বাঃ)
ই-মেইল-dckurigram@mopa.gov.bd